



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর: ৪৬.০০.২৭০০.০৪২.১৭.০১২.১৮.৪২৫

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৮  
০৬ মার্চ ২০২২


**বিষয়: দিনাজপুর জেলা পরিষদের সভার সিদ্ধান্ত পরিবর্তন করে অনিয়ম ও দুর্নীতিকরণের অভিযোগ তদন্ত।**

সূত্র : দুর্নীতি দমন কমিশনের স্মারক ০০.০১.০০০.৫০৩.২৬.২৭৬.২১.৫৭১৪, তারিখ: ০৬ ফেব্রুয়ারি ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলা পরিষদের গত ২৬ জানুয়ারি ২০২১ তারিখের সভার সিদ্ধান্ত পরিবর্তন করে বাজেটের অতিরিক্ত প্রকল্প গ্রহণ, ক্ষমতার অপব্যবহার করে জনবল নিয়োগ, করোনাকালীন ত্রাণ সামগ্রী বিতরণে অনিয়ম হয়েছে মর্মে একটি অভিযোগ পাওয়া গিয়েছে (কপি সংযুক্ত)।

২। উল্লিখিত অভিযোগসমূহ সরেজমিন তদন্ত করে মতামতসহ প্রতিবেদন প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: অভিযোগের ছায়ালিপি।

  
মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী  
উপসচিব  
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮  
Email: lgzp@lgd.gov.bd

পরিচালক  
স্থানীয় সরকার  
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।

অনুলিপি:

১. সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা [দৃষ্টি আকর্ষণ: মহাপরিচালক]
২. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, দিনাজপুর।
৬. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।